গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা

বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) ৩য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ২৬ জানুয়ারি, ২০২২ |
| সভার সময় | দুপুর ০২.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, এসডিজি ৮.৭.১-এর লক্ষ্য বাস্তবায়নের জন্য ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্পটির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত ও যথাযথ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রণালয়ের উপসচিব শরীফ মোঃ ফরহাদ হোসেন এ পর্যায়ে প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন। তিনি জানান প্রকল্পটির মেয়াদকাল জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ ও প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা। প্রকল্পটির মূল উদ্দেশ্য ঝুঁকিপূর্ণ পেশায় নিয়োজিত ০১ লক্ষ শিশুকে ০৬ মাস ব্যাপি উপানুষ্ঠানিক শিক্ষা এবং ০৪ মাস ব্যাপি নির্বাচিত ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয় সভায় উপস্থাপন করেন।

২। **আলোচনা:**

( ক) **গত পিএসসি সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা:** প্রকল্পের সর্বশেষ পিএসসি সভা গত ২০-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করা হলে সদস্যবৃন্দ হতে কোন সংশোধন, সংযোজন এবং পরিমার্জন না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি অনুমোদন করা হয় । সভায় উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং এতে সন্তোষ ব্যক্ত করা হয়।

( খ) **প্রকল্প কাজের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা:** প্রকল্পের ২০২১-২২ অর্থবছরের এডিপিতে বরাদ্দ ৩০০০.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২২ পর্যন্ত প্রকল্পটিতে মোট ক্রমপুঞ্জিত অগ্রগতি ২৩৪.৩৩ লক্ষ টাকা। তাছাড়া জুলাই হতে জানুয়ারি ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৮.৫৪ লক্ষ টাকা যা বরাদ্দের ১.২% এবং ভৌত অগ্রগতি প্রায় ২৫%।

( গ) **গত পিআইসি সভার কার্যবিবরণীর অগ্রগতি ও সুপারিশ পর্যালোচনা:** প্রকল্পের সর্বশেষ পিআইসি সভা গত ১৮-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত হয় । উক্ত সভার আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করা হয়। সভায় প্রকল্প পরিচালক, যুগ্মসচিব জনাব মোঃ মনোয়ার হোসেন জানান যে, নির্ধারিত এনজিও কর্তৃক শিশুজরিপ সমাপ্ত হয়েছে। ১১২টি এনজিও-এর মধ্যে ১১০টি জরিপ রিপোর্ট জমা প্রদান করেছে। উক্ত রিপোর্ট প্রতিবেদন যাচাই বাছাইয়ের জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩০ কোটি টাকা হতে ১৭ কোটি টাকা এনজিওদের বিল পরিশোধের জন্য সংস্থান রয়েছে। কিন্তু উক্ত অর্থ ডিপিপিতে বেসরকারি সংস্থা (এনজিও)এর পরিচালন ব্যয় ও সীডমানি অঙ্গ/কোডে বরাদ্দ রয়েছে। উক্ত অঙ্গ/কোড বাজেটের আইবাস++ সিস্টেমে নেই। এ বিষয়ে গত ০৪ জানুয়ারি ২০২২ তারিখে অর্থ বিভাগ নির্দেশনা প্রদান করে। নির্দেশনামতে প্রকল্পের অনুকূলে প্রকল্প অনুমোদন (৩৬৩২১০১) কোডে অর্থ বিভাজন করে প্রকল্পের ব্যয় নির্বাহ করার জন্য পরিকল্পনা

কমিশনের সম্মতি প্রয়োজন। এ বিষয়ে কার্যক্রম বিভাগের অতিরিক্ত সচিব, জনাব মোঃ ছায়েদুজ্জামান বলেন, সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি ২০১৬ পরিপত্রের ১৬.১২ অনুযায়ী, প্রকল্পের অনুমোদিত অঙ্গের অর্থনৈতিক কোডের ভুল সংশোধনের প্রয়োজন হলে ডিপিইসি সভা আয়োজনের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয় পর্যায়ে অনুমোদন গ্রহণ করা যাবে। এ বিষয়ে উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন। তাছাড়া প্রকল্প পরিচালক আরও বলেন, প্রকল্পের নিয়োগপ্রাপ্ত অস্থায়ী জনবলের বেতন ভাতাদি ৩২১১১২০১- সাকুল্য বেতন (সরকারি কার্মচারী ব্যাতিত) কোড হতে প্রদান করা প্রয়োজন। সে জন্য শিক্ষা ভাতা, চিকিৎসা ভাতা, বাড়ি ভাড়া ভাতা কোড হতে সমন্বয় করে প্রকল্পের কর্মচারীদের বেতন ভাতাদি উক্ত ৩২১১১২০১-সাকুল্য বেতন (সরকারি কর্মচারী ব্যতীত) কোডে ২৩০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, নভেম্বর-ডিসেম্বর ২০২১ মেয়াদে শিশুজরিপ সম্পন্ন করে রিপোর্ট জমা প্রদান করেছে। উক্ত রিপোর্ট প্রকল্পের প্রোগ্রাম সুপারভাইজার, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের মাধ্যমে যথাযথভাবে নির্ণীত হয়েছে কিনা দৈবচয়নের ভিত্তিতে যাচাইয়ের কার্যক্রম চলমান রয়েছে। শিশুজরিপ রিপোর্ট যাচাইয়ের বিষয়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শক সভাকে জানান যে, শিশুজরিপ রিপোর্ট যাচাইয়ের জন্য প্রাপ্ত ০৫টি রিপোর্টের মধ্যে ০৪ টি রিপোর্ট যাচাইপূর্বক প্রতিবেদন পাওয়া গিয়েছে। তন্মধ্যে অ্যাকশন ফাইভ কর্তৃক জরিপকৃত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১০৪৪ জন শিশুর মধ্যে ৩৬৬ জনের তথ্য যাচাই করে ২৫ জনের তথ্য সঠিক পাওয়া গিয়েছে। একইভাবে রাজশাহী, রংপুর এবং বরিশালের তথ্য অসম্পূর্ণ এবং বাস্তবসম্মত নয়। সচিব মহোদয় এ অসম্পূর্ণ জরিপ রিপোর্ট সঠিকভাবে যাচাই-বাছাই করার জন্য মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তরের সমন্বয়ে কমিটি গঠন করার জন্য নির্দেশনা প্রদান করেন। একই সাথে মাঠ পর্যায়ের প্রশাসনের সহায়তায় দ্রুত রিপোর্ট সঠিকভাবে যাচাই-বাছাইয়ের কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। প্রকল্প পরিচালক আরও জানান, জানুয়ারি ২০২২ হতে এনজিওগুলো পাঠদান কার্যক্রম শুরু করেছে। কিন্তু সম্প্রতি করোনা মহামারির বিধি-নিষেধের জন্য ০৬-০২-২০২২ তারিখ পর্যন্ত পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম পুনরায় শুরুর পূর্বে সভার আলোচনামতে জরিপের তথ্য পুনরায় যাচাই বাছাইয়ের উপর গুরুত্ব আরোপ করতে হবে।

৩। **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) প্রকল্পের অর্থনৈতিক কোড সংশোধন ও বরাদ্দ সমন্বয় করার জন্য দ্রুত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভা আয়োজন করতে হবে;

খ) জরিপ রিপোর্ট সঠিকভাবে যাচাই-বাছাই করার জন্য মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তরের সমন্বয়ে কমিটি গঠন করতে হবে;

গ) মামলার জটিলতা সমাধান করে দ্রুত প্রকল্পের অবশিষ্ট অস্থায়ী জনবল নিয়োগের যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত বাস্তবায়নে:** প্রকল্প পরিচালক।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৬.১৪.০০৪.২১.১২

তারিখ: ২৫ মাঘ ১৪২৮
০৮ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

২) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৩) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৭) নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৯) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

১০) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

১১) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

১২) জনাব মোঃ মনোয়ার হোসেন, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্প

১৩) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)

১৪) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)

১৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটের প্রকল্প ও উন্নয়ন বাজেট কর্ণারে আপলোডের অনুরোধসহ)

১৬) সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপসচিব